



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪৯০০.০১৭.৯৯.০০৩.১৯-৪৭

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, কুড়িগ্রাম জেলার চররাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: হুমায়ুন কবীর ছক্কু এর বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত হাট/বাজার ইজারা নিলাম প্রদানের ক্ষেত্রে সরকারি বিধান লঙ্ঘন, ভিজিডি কার্ড প্রদান ও নাম পরিবর্তনের ক্ষেত্রে অনিয়ম, কার্ডের ডুপ্লিকেশন, এক ওয়ার্ডের বাসিন্দাকে অন্য ওয়ার্ডের সুবিধা প্রদানসহ হাটের শেড ও ব্রীজের মালামালসমূহ সরকারি নির্দেশ মোতাবেক নিলাম না করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, কুড়িগ্রাম বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, কুড়িগ্রাম জেলার চররাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: হুমায়ুন কবীর ছক্কু এর বিরুদ্ধে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত হাট/বাজার ইজারা নিলাম প্রদানের ক্ষেত্রে সরকারি বিধান লঙ্ঘন, ভিজিডি কার্ড প্রদান ও নাম পরিবর্তনের ক্ষেত্রে অনিয়ম, কার্ডের ডুপ্লিকেশন, এক ওয়ার্ডের বাসিন্দাকে অন্য ওয়ার্ডের সুবিধা প্রদানসহ হাটের শেড ও ব্রীজের মালামালসমূহ সরকারি নির্দেশ মোতাবেক নিলাম না করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, কুড়িগ্রাম জেলার চররাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: হুমায়ুন কবীর ছক্কু কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


২৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৪৯০০.০১৭.৯৯.০০৩.১৯-৪৭


তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চররাজিবপুর, কুড়িগ্রাম।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: হুমায়ুন কবীর ছক্কু, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), কোদালকাটি ইউনিয়ন পরিষদ, চররাজিবপুর, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


২৭.০১.২০২১
(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব